গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)
www.sesip.gov.bd

স্মারক নং: মাউশি/সেসিপ/১-১৬৯/শৃঙ্খলা/২০১৫(অংশ)/ ২১৭ তারিখ : ১৬ /০৫/২০১৮ খ্রিঃ।

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাউশি অধিদপ্তর এক পত্রের মাধ্যমে জানিয়েছেন আপনি গত ১৬ মার্চ ২০১৮ তারিখ থেকে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। উক্ত অনুপস্থিতির স্বপক্ষে আপনার কোন আবেদন/কোন ছুটির আবেদন পাওয়া যায়নি। মোবাইল ফোনের মাধ্যমেও আপনার সাথে যোগাযোগ করা সম্ভব হচ্ছে না। আপনার অনুপস্থিতির কারণে দাপ্তরিক জরুরী কাজ সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। আপনার এ ধরনের আচরন অফিস শৃংখলার পরিপন্থী। সুতরাং কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামি ৭(সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য বলা হল।

১৬/০৫/২০১৮
(প্রফেসর ড. সামসুন নাহার)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৯৫৭৩৫৫৪
e-mail: shamsunamin@yahoo.com

জনাব রিফাত হোসাইন
সহকারী প্রোগ্রামার
জেলা শিক্ষা অফিস, মানিকগঞ্জ।
সংযুক্ত:
ইএমআইএস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:
১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)
www.sesip.gov.bd

স্মারক নং: মাউশি/সেসিপ/১-১৬৯/শৃঙ্খলা/২০১৫(অংশ)/ ২১৮ তারিখ : ১৮/০৫/২০১৮ খ্রিঃ।

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা শিক্ষা অফিসার, বরগুনা এক পত্রে জানিয়েছেন আপনি বিনা অনুমতিতে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকেন। প্রতি মাসে শুধু বেতন বিল জমা দেয়া, বেতনের চেক নেয়ার জন্য অফিসে আসেন এবং বিনা অনুমতিতে অফিস ত্যাগ করেন। এ বিষয়ে আপনাকে বিগত ০৯.০৯.২০১৭ এবং ২৫.১০.২০১৭ তারিখে ০২ বার কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। উক্ত নোটিশের জবাব মোটেও সন্তোষজনক ছিল না। মাউশি অধিদপ্তরে জরুরী ভিত্তিতে বাংলাদেশ ও মুক্তিযুদ্ধের বই বিতরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ করার জন্য আপনাকে টেলিফোনে ডাকা সত্ত্বেও আপনি কর্মস্থলে আসেননি। তথ্য মেলা, উন্নয়ন মেলা, ডিজিটাল উদ্ভাবধী মেলা, ই-ফাইলিং করা, এমপিও অনলাইন করা ও অন্যান্য দাপ্তরিক জরুরী কাজে আপনাকে খুঁজে পাওয়া যায় না। আপনার সরকারি কাজে অবহেলা, কর্তৃপক্ষের আদেশ অমান্য করা, বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করা এ ধরনের আচরণ অফিস শৃঙ্খলার পরিপন্থি। সুতরাং কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামি ৭(সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য বলা হল।

২১/৫/২০১৮
(প্রফেসর ড. সামসুন নাহার)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৯৫৭৩৫৫৪
e-mail: shamsunamin@yahoo.com

জনাব সাব্বির আহমেদ
সহকারী প্রোগ্রামার
জেলা শিক্ষা অফিস, বরগুনা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:
১। জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
২। অফিস কপি।